# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 13 April, 2025

আমরা হানাহানি-বিদ্বেষ চাই না, একটা শান্তির দেশ চাই বলে মন্তব্য করেছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান।

তিনি বলেছেন, ‘বাংলাদেশ একটি সম্প্রীতির দেশ।এদেশে হাজার হাজার বছর ধরে সকল ধর্ম বর্ণ গোত্র নির্বিশেষে আমরা সবাই শান্তিতে বসবাস করে আসছি।আমরা হিংসা-বিদ্বেষ বিহীন একটি দেশ গড়ে তুলতে চাই।আমরা চাই, সবাই এক সঙ্গে এখানে সুন্দরভাবে বসবাস করবো।'

আজ রবিবার রাজধানীর আন্তর্জাতিক বৌদ্ধ বিহারে ভিত্তিপ্রস্তর উন্মোচন অনুষ্ঠান শেষে আয়োজিত সভায় তিনি এ কথা বলেন।

সেনাপ্রধান বলেন, ‘আজকের এই অনুষ্ঠান সাম্প্রদায়িক সম্প্রীতির উদাহরণ আজকের অনুষ্ঠান।এখানে সম্প্রীতির সমাবেশ ঘটেছে।আমরা বুদ্ধের নীতি অনুসারে দেশকে গড়ে তুলতে চাই।সেই উদ্দেশ্যেই কাজ করে যাচ্ছি।'

তিনি আরও বলেন, ‘যৌবনের বড় সময় পার্বত্য চট্টগ্রামে কাটিয়েছি।বিভিন্ন মত থাকলেও একে অপরকে শ্রদ্ধার মনোভাব থাকতে হবে।'

এ সময় পার্বত্য চট্টগ্রামে শান্তিশৃঙ্খলা বজায় রাখতে সবাইকে ভূমিকা রাখার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, ‘আমরা চাই পার্বত্য চট্টগ্রামে যেন শান্তিশৃঙ্খলা বজায় থাকে।সেখানে শান্তি বজায় রাখতে প্রয়োজনীয় সবই করবে সেনাবাহিনী।'

সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান সেনাপ্রধান

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:40

URL: https://www.timestodaybd.com/bangladesh/328626707